# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ইসলামের দৃষ্টিতে ক্রেতা বা বিক্রেতা ভাঙ্গানো কি? ‘আমার কাছে ওর থেকে ভাল জিনিস আছে, আমার থেকে নাও’ অথবা ‘আমি ওর চাইতে বেশী দাম দেব, আমাকে বিক্রি কর’ বলে নিজের স্বার্থ রক্ষা করা বৈধ কি?

এমন কাজ বৈধ নয়। যেহেতু মহানবী (সঃ) বলেছেন, “তোমাদের কেউ যেন অপরের ক্রয় বিক্রয় এর উপর ক্রয় বিক্রয় না করে এবং তারা মুসলিম ভাইদের বিবাহ প্রস্তাবের উপর নিজের বিবাহ প্রস্তাব না দেয়। কিন্তু যদি সে তাকে সম্মতি জানায় (তবে তা বৈধ)।” (বুখারি অ মুসলিম)

তিনি আরও বলেছেন, “এক মুমিন অপর মুমিনের ভাই। আর মুমিনের জন্য এটা বৈধ নয় যে, সে তার ভাইয়ের ক্রয় বিক্রয় এর উপর নিজের ক্রয়বিক্রয় এর কথা বলবে। আর এটাও বৈধ নয় যে, সে ভাইয়ের বিবাহের প্রস্তাবের উপর নিজের বিবাহ প্রস্তাব দেবে, যতক্ষণ না সে বর্জন করে।” (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2252

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন